

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.৩৩.০০১.২৩.৭৮

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ৩য়
কিস্তির অর্থ বরাদ্দ প্রদান।

২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ৩য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ থেকে
সিরাজগঞ্জ জেলার নিম্নবর্ণিত প্রকল্প/প্রতিষ্ঠানের নামের বিপরীতে উল্লিখিত পরিমাণ অর্থ শর্তসাপেক্ষে জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হল:

| জেলা | ক্র: নং | উপজেলার নাম | প্রতিষ্ঠান/প্রকল্পের নাম ও বিবরণ | বরাদ্দকৃত অর্থের পরিমাণ |
|-----------|---------|---------------|---|---|
| সিরাজগঞ্জ | ১ | চৌহালী | চৌহালী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর ছাদবাগানকরণ | ৫২০০০.০০(বায়াম হাজার) টাকা মাত্র |
| | ২ | চৌহালী | চরনাকালিয়া মাষ্টারপাড়া জামে মসজিদ এর মাটি ভরাট ও জানালা-দরজা নির্মাণ | ৫২০০০.০০(বায়াম হাজার) টাকা মাত্র |
| | ৩ | বেলকুচি | বেলকুচি উপজেলার অফিসার্স ক্লাব উন্নয়ন | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | ৪ | বেলকুচি | উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি এর কার্যালয়ে সেবা গ্রহীতাদের বসার স্থান নির্মাণ | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | ৫ | সিরাজগঞ্জ সদর | উপজেলা পরিষদের আবাসিক চত্তরের পার্কের উন্নয়ন | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | ৬ | রায়গঞ্জ | রায়গঞ্জ বিয়াম মডেল স্কুলের উন্নয়ন | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | ৭ | কাজিপুর | ঘোড়াগাছা উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনার নির্মাণ | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | ৮ | উল্লাপাড়া | উপজেলা পরিষদ চত্তরের শিশু পার্কের উন্নয়ন | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | ৯ | তাড়াশ | উপজেলা অফিসার্স ক্লাবের সামনের পুকুর পাড়া সংস্কার | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | ১০ | শাহজাদপুর | দারিয়াপুর ঊত্তরপাড়া বাইতুল আমান জামে মসজিদের ওয়ুখানা নির্মাণ | ৫২০০০.০০(বায়াম হাজার) টাকা মাত্র |
| | ১১ | শাহজাদপুর | কুঠিসাত বাড়ীয়া গ্রামের মন্ডলবাড়ী জামে মসজিদ পুনঃনির্মাণ | ৫২০০০.০০(বায়াম হাজার) মাত্র |
| | ১২ | শাহজাদপুর | পোরজনা ইউনিয়নের চরপোরজনা পুরাতন জামে মসজিদ সংস্কার ও উন্নয়ন | ৫২০০০.০০(বায়াম হাজার) টাকা মাত্র |
| | ১৩ | তাড়াশ | লাঞ্জালমুড়া গ্রামের আলহাজ্ব আব্দুস সাত্তার মাস্তার সাহেবের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা সংস্কার এবং তৎসংলগ্ন পুকুরপাড়ে গাইড ওয়াল নির্মাণ | ১০০০০০.০০(এক লক্ষ) টাকা মাত্র |
| | | | মোট: | ১০৬০০০০.০০(দশ লক্ষ ষাট হাজার) টাকা মাত্র |

শর্তাবলী:

- এ ব্যয় ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে।
- ২০২৩-২০২৪ অর্থবছরে ৩য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
- প্রতিটি প্রকল্পের দৃশ্যমান স্থানে “প্রকল্পটি টি আর প্রকল্পের আওতায় বিভাগীয় কমিশনার, রাজশাহী”র নিকট হতে ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা বাস্তবায়িত” বাক্যটি ব্যানার/সাইনবোর্ড/সুবিধাজনক মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান, টিআর নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসারণ করতে হবে।
- প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা; প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

৭. নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/ বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
৮. প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।
৯. বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
১০. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/ পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
১১. বরাদ্দ প্রাপ্তির পর P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করতে হবে এবং অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
১২. গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ/খাদ্যদ্রব্য ছাড় করতে হবে এবং প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
১৩. নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।
১৪. কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/ বিধির আওতায় আনতে হবে।

২। এমতাবস্থায়, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হল।



৩১-০৩-২০২৪

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার

০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)

০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)

divcomrajshahi@mopa.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.৩৩.০০১.২৩.৭৮/১ (৫)

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/ চৌহালী/বেলকুচি/উল্লাপাড়া/তাড়াশ/রায়গঞ্জ/শাহজাদপুর, সিরাজগঞ্জ;
- ৩। জেলা হিসাব রক্ষণ অফিসার, সিরাজগঞ্জ;
- ৪। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, সিরাজগঞ্জ সদর/ চৌহালী/বেলকুচি/উল্লাপাড়া/তাড়াশ/রায়গঞ্জ/শাহজাদপুর, সিরাজগঞ্জ এবং
- ৫।



৩১-০৩-২০২৪

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার